

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
রাষ্ট্রাচার অনুবিভাগ
ঢাকা

নং-১৯.০০.০০০০.৭২৫.৩৭.০০২.২০/১৩

২৩ ফেব্রুয়ারি ২০২০খ্রি:

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক)
সেগুনবাগিচা, ঢাকা।

প্রেরক: মোঃ রফিকুল আলম মোল্লা
সিনিয়র সহকারী সচিব (সফর-১)

বিষয়: আগামী ২৮ ফেব্রুয়ারি-০৪ মার্চ ২০২০খ্রি: তারিখ পর্যন্ত যথাক্রমে উরুগুয়ে এবং ব্রাজিলে সরকারী সফরের মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০১ মার্চ ২০২০ তারিখে উরুগুয়ের নবনির্বাচিত রাষ্ট্রপতির শপথ গ্রহণ অনুষ্ঠানে অংশগ্রহণ করার নিমিত্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মো: আবদুল হামিদ আগামী ২৮ ফেব্রুয়ারি-০২ মার্চ ২০২০খ্রি: তারিখ পর্যন্ত উরুগুয়ে সরকারী সফর করবেন। উরুগুয়ে সফর শেষে বাংলাদেশে ফিরতি পথে মহামান্য রাষ্ট্রপতি আগামী ০২-০৪ মার্চ ২০২০খ্রি: তারিখ পর্যন্ত সাও পাওলো, ব্রাজিল সফর করবেন। তাঁর এ সফরসমূহের সফরসঙ্গী দলের সদস্য হিসেবে মিজ্ ফেরদৌসি শাহরিয়ার, মহাপরিচালক (আমেরিকাস), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা আগামী ২৮ ফেব্রুয়ারি-০৪ মার্চ ২০২০খ্রি: তারিখ পর্যন্ত যথাক্রমে উরুগুয়ে এবং ব্রাজিলে সরকারী সফর করবেন।

০২। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরী পত্র জারী করা হলো।

আপনার একান্ত,

(মোঃ রফিকুল আলম মোল্লা)
সিনিয়র সহকারী সচিব (সফর-১)
ফোন: ৯৫৫৩১৯৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১. মিজ্ ফেরদৌসি শাহরিয়ার, মহাপরিচালক (আমেরিকাস), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০২. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
০৩. সহকারী কমিশনার (কাষ্টমস), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
০৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
০৫. সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬. অফিস কপি।

(মোঃ রফিকুল আলম মোল্লা)
সিনিয়র সহকারী সচিব (সফর-১)